বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
Bangladesh College of Physicians & Surgeons

BCPS

বিসিপিএস নং-৭৭৬/২০২৬/২৭৪৫১ তারিখঃ ২২-১১-২০২৬ খ্রি.

আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর নিম্নবর্ণিত পদ সমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আউটসোর্সিং এর মাধ্যমে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স	সর্বসাকুল্যে বেতন (প্রতি মাসে)
১.	কম্পিউটার অপারেটর	১২	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি সম্পন্ন এবং (২) কেনো স্বীকৃত ইন্সটিটিউট হইতে কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা; তবে শর্ত থাকে যে, কম্পিউটারের MS Office Programe-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।	অনূর্ধ্ব ৩২ বছর	২০,২১২/-
২.	গাড়ি চালক	০৩	(১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (২) ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় অন্যূন ৩ (তিন) বছরের অভিজ্ঞতা।	অনূর্ধ্ব ৩২ বছর	১৯,৬৩৬/-
৩.	ওয়েটার (গেস্ট হাউজ এটেনডেন্ট)	০২	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	অনূর্ধ্ব ৩২ বছর	১৮,১৮০/-
৪.	পরিচ্ছন্নতা কর্মী	০৫	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	অনূর্ধ্ব ৩২ বছর	১৮,১৮০/-

প্রার্থীদের জন্য পালনীয় শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহ

(১) উল্লিখিত পদ সমূহে আবেদনকারীগণকে সাদা কাগজে "সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস), ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২" বরাবর আবেদন করতে হবে।

(২) আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন বৃত্তান্ত যথাঃ (ক) প্রার্থীর পূর্ণ নাম বাংলায় ও ইংরেজীতে (Capital Letter), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) পদের নাম (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) বর্তমান ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) ২২-১১-২০২৬ খ্রি. তারিখে বয়স (ঝ) ধর্ম, (ঞ) জাতীয়তা, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতার বিবরণ (ড) জাতীয় পরিচয়পত্রের নম্বর (ঢ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর এবং (ণ) মোবাইল/ফোন নম্বর উল্লেখ করতে হবে। আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে এবং প্রত্যেকটি ছবির পেছনে প্রার্থীর নাম থাকা আবশ্যক।

(৩) প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ কপি ছবি এবং (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(৪) শিক্ষাগত যোগ্যতা থাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

(৫) আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(৬) আবেদনকারীকে খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। একজন আবেদনকারী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

(৭) "সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্"-এর অনুকূলে ০১নং পদের জন্য ৫০০/- (পাঁচ শত) টাকা, ০২নং পদের জন্য ৪০০/- (চার শত) এবং ০৩নং হতে ০৪নং পদের জন্য ৩০০/- (তিন শত) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(৮) প্রার্থীর আবেদনপত্র খাম বন্ধ অবস্থায় অবশ্যই রেজিষ্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা ব্যক্তিগতভাবে সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৫-১২-২০২৬ খ্রি. তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে। উক্ত তারিখ বা সময়ের পরে ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা।

(৯) প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। অসত্য/ভূয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা যাবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ফিরোজ কাদের)
সচিব
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

67, Shaheed Tajuddin Ahmed Sarani, Mohakhali, Dhaka-1212, Bangladesh.
Tel: 02 222284194, 02 222291865, 02 222284616 EXT.- 0/100, Fax: 02-222288928, E-mail: bcps@bcps.edu.bd, Website: www.bcps.edu.bd